

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নম্বর : ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১০.২২/৩০৩৩

তারিখ: ২১.০৭.২৪৬১ বঙ্গাব্দ
০৬.০১.২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয় : কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ১৫৬তম 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' শীর্ষক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

- উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২০.১১.২০২৪ থেকে ১০.১২.২০২৪খ্রি. পর্যন্ত কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য "১৫৬তম শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে নায়েমে অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ০৩/০৪/০৫ জন প্রশিক্ষণার্থী (অধ্যক্ষ) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীদের নাম, পদবী, প্রতিষ্ঠানের নাম, ইনডেক্স নং (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তাঁদের মোবাইল ফোন নম্বরসহ আঞ্চলিক পরিচালক কর্তৃক স্বাক্ষরিত তালিকা আগামী ১৪.১১.২০২৪খ্রি. বৃহস্পতিবারের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইল (k_asisul@yahoo.com/ayetali42@gmail.com)-এ সফটকপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধ এবং আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের প্রশিক্ষণার্থী ১৯.১১.২০২৪খ্রি. বিকেল ০৩:০০ টার পর নির্ধারিত হোস্টেলে আসন গ্রহণ করতে পারবেন।
 - প্রশিক্ষণার্থীদের থাকা-খাওয়া ও শিক্ষা সফরের ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ আনুষঙ্গিক ব্যয় সাথে আনার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও ১০/- মূল্যের একটি রাজস্ব স্ট্যাম্প ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও এনআইডি'র কপি সঙ্গে আনতে হবে।
 - প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীগণকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে।
 - বেসরকারি প্রতিষ্ঠানের প্রধানগণকে তাঁদের প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতির নিকট থেকে বর্তমান মূলবেতন এবং এমপিও এর অনুলিপি যথাক্রমে উল্লেখ এবং প্রত্যয়নসহ এ কোর্সে অংশগ্রহণের অনুমতিপত্র সঙ্গে আনতে হবে। যে সকল প্রতিষ্ঠান প্রধান এখনও এমপিওভুক্ত হননি তাঁরা এ প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন না।
 - মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ কোর্সে আরম্ভ হওয়ার দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - যিনি বিগত ০৩ (তিন) বছরের মধ্যে এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন অথবা যিনি ০১ (এক) বছরের মধ্যে নায়েমে অন্য কোন প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণের প্রয়োজন নেই।
 - কোন যৌক্তিক কারণে এ প্রশিক্ষণে অংশগ্রহণে অপারগ হলে তাঁর পরিবর্তে উপাধ্যক্ষকে মনোনয়ন দেয়া যাবে যদি তিনি এ কোর্স পূর্বে না করে থাকেন।
 - প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় প্রয়োজন হলে কোর্সের কোর্স পরিচালক জনাব মো: শহীদুল ইসলাম, উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (মোবাইল: ০১৫২৩৫৬২৯৬) এবং কোর্স সমন্বয়ক ড. আছিছুল আহছান কবীর, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, (মোবাইল : ০১৭১১৪৭২০৬১) এবং ড. মো: অয়েত আলী সহকারী পরিচালক (গবেষণা ও তথ্যায়ন) (মোবাইল: ০১৭১২০৯৯০২৩)-এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে। মনোনীত প্রশিক্ষণার্থীগণ ১৭.১১.২০২৪খ্রি. এর মধ্যে উল্লিখিত সেলফোন নম্বরে এসএমএস অথবা ই-মেইল: k_asisul@yahoo.com/ayetali42@gmail.com করে উপস্থিতি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
 - মনোনীত প্রশিক্ষণার্থীগণকে ২০.১১.২০২৪খ্রি. সকাল ০৮:৩০ ঘটিকায় নায়েম এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান স্টপ সার্ভিস পয়েন্ট এ উপস্থিত থাকতে হবে।
 - মনোনীত প্রশিক্ষণার্থীগণ কোর্স আরম্ভ হওয়ার অন্তত ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট www.naem.gov.bd এর প্রশিক্ষণ সংক্রান্ত লিঙ্কে অনলাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণ পূর্বক কোর্সে যোগদান করবেন।
 - আমন্ত্রণপত্র ও ব্যাংক হিসাবের তথ্য ছক নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

প্রাপক
পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল)।

খুন্ন

নম্বর : ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০১০.২২/ ৩০৩৩ (২)

- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
 - মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
 - পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
 - প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
 - সকল হোস্টেল সুপার, নায়েম, ঢাকা;
 - প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীগণের আমন্ত্রণপত্র নায়েম ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করার অনুরোধসহ);
 - তথ্যায়ন কর্মকর্তা, নায়েম, ঢাকা;
 - মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;

তারিখ: ২১.০৭.২৪৬১ বঙ্গাব্দ
০৬.০১.২০২৪ খ্রিষ্টাব্দ

প্রফেসর ড. উম্মে আসমা

পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম
(অতিরিক্ত দায়িত্ব)